

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫২৫

১০/ সূর্য গ্রহণের সালাত (کتاب الکسوف)

পরিচ্ছেদঃ ১০/৩. সূর্য গ্রহণের সালাতে নাবী (ﷺ) কে জান্নাত ও জাহান্নাম সম্পর্কে যা দেখানো হয়।

ما عرض على النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ في صلاة الكسوف من أمر الجنة والنار

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ قَالَ: انْخَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَامَ قِيَامًا طَوِيلاً نحْوًا مِنْ قِرَاءَةِ سُورَةِ الْبَقَرَةِ؛ ثُمَّ رَكَعَ رُكُوعًا طَويلاً، ثُمَّ رَفَعَ فَقَامَ قِيَامًا طَويلاً، وَهُوَ دُونَ الْقِيَامِ الْأَوَّلِ، شُمَّ رَكَعَ ركوعًا طَويلاً، وَهُو دُونَ الرُّكوعِ الأَوَّلِ ثُمَّ سَجَدَ، ثُمَّ قَامَ قِيَامًا طَويلاً، وَهُو دُونَ الرُّكوعِ الأَوَّلِ، ثُمَّ رَكَعَ رُكُوعًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَقَامَ قِيَامًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَقَامَ قِيَامًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَقَامَ قِيَامًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَقَامَ قِيَامًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ سَجَدَ، ثُمَّ الْقِيَامِ الأَوَّلِ، ثُمَّ رَكَعَ رُكوعًا طَويلاً، وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ سَجَدَ، ثُمَّ الْمَعْرَ آيَتَانِ مِنْ وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ، ثُمَّ سَجَدَ، ثُمَّ الْمَعْرَ آيَتَانِ مِنْ الْمَوْلِ، ثَمَّ مَلَيْكُ وَعَلَى اللَّهُ عَلَيْهِ وَمُقَامَ وَقَدْ تَجَلَّتِ الشَّمْسُ وَالْقَمْرَ آيَتَانِ مِنْ وَسَلَّمَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَر آيَتَانِ مِنْ رَسُولَ اللهِ رَأَيْنَاكَ تَنَاوَلُتَ شَيْئًا فِي مَقَامِكَ، ثُمَّ رَأَيْنَاكَ كَعْكَعْتَ؛ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِّي رَأَيْنَاكَ تَنَاوَلُتَ شَيْئًا فِي مَقَامِكَ، ثُمَّ رَأَيْنَاكَ كَعْكَعْتَ؛ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِي رَأَيْنَاكَ تَنَاوَلُتَ شَيْئًا فَي مَقَامِكَ، ثُمَّ رَأَيْتُ مُنْ اللهِ مَلْكَاتُمْ مِنْهُ مَا بَقِيَتِ الدُّنْيَا، وَأُرْيِتُ وَسَلَمَ، إِنِي رَأَيْتُ مُنْ اللهِ قَالَ: يَكُفُرنَ الْعَشِيرَ، وَيَكُفُرنَ الإِحْسَانَ، لَوْ أَحْسَانَ الْوَالِي المَّالَ الْمُ مَنْكُ هُونَ الْمُؤْمِ وَلَوْ أَلْ النَّهُ مَلْ الْقَلْعَ، وَرَأَيْتُ مُؤْمُ وَلَا النِسَاعَ قَالُوا: بِمَ يَا رَسُولَ اللهِ قَالَ: مَا يَوْدُونَ الْعَشِيرَ، وَلَا لَا النِسَاعَ قَالُوا: بِمَ يَلُكُ مُنْ اللهَ هُولَا عَالِي النَّسُ مَنْكُ مُرْنَ الْعَشِيرَ، وَلَا مُعَلِيلًا قَلُ اللّهُ عَلْمَ اللهُ الْمَلْعُ مُنْ الْمُ اللّهُ مَلْ

বাংলা

৫২৫. 'আবদুল্লাহ্ ইবনু 'আব্বাস (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সময় সূর্যগ্রহণ হল। আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তখন সালাত আদায় করেন এবং তিনি সূরা 'আল-বাকারাহ পাঠ করতে যত সময় লাগে সে পরিমাণ দীর্ঘ কিয়াম করেন। অতঃপর দীর্ঘ রুকু করেন। অতঃপর মাথা তুলে পুনরায় দীর্ঘ কিয়াম করেন। তবে তা প্রথম কিয়ামের চেয়ে অল্পস্থায়ী ছিল। আবার তিনি দীর্ঘ রুকু করলেন।



তবে তা প্রথম রুকু'র চেয়ে অস্থায়ী ছিল। অতঃপর তিনি সিজদা করেন। আবার দাঁড়ালেন এবং দীর্ঘ কিয়াম করলেন। তবে তা প্রথম কিয়ামতের চেয়ে অল্পস্থায়ী ছিল। অতঃপর আবার দীর্ঘ রুকু করেন, তবে তা পূর্বের রুকু'র চেয়ে অল্পস্থায়ী ছিল। অতঃপর তিনি মাথা তুললেন এবং দীর্ঘ সময় পর্যন্ত কিয়াম করেন, তবে তা প্রথম কিয়াম অপেক্ষা অল্পস্থায়ী ছিল। আবার তিনি দীর্ঘ রুকু করেন, তবে তা প্রথম রুকু অপেক্ষা অল্পস্থায়ী ছিল। অতঃপর তিনি সিজদা করেন এবং সালাত শেষ করেন। ততক্ষণে সূর্যগ্রহণ মুক্ত হয়ে গিয়েছে।

তারপর তিনি বললেনঃ নিঃসনেদহে সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দু'টি নিদর্শন। কারো মৃত্যু বা জন্মের কারণে এ দু'টির গ্রহণ হয় না। কাজেই যখন তোমরা গ্রহণ দেখবে তখনই আল্লাহকে স্মরণ করবে। লোকেরা জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল! আমরা দেখলাম, আপনি নিজের জায়গা হতে কী যেন ধরছেন, আবার দেখলাম, আপনি যেন পিছনে সরে এলেন। তিনি বললেনঃ আমিতো জান্নাত দেখেছিলাম এবং এক গুচ্ছ আঙ্গুরের প্রতি হাত বাড়িয়েছিলাম। আমি তা পেয়ে গেলে, দুনিয়া কায়িম থাকা পর্যন্ত অবশ্য তোমরা তা খেতে পারতে। অতঃপর আমাকে জাহান্নাম দেখানো হয়, আমি আজকের মত ভয়াবহ দৃশ্য কখনো দেখিনি। আর আমি দেখলাম, জাহান্নামের অধিকাংশ বাসিন্দা নারী। লোকেরা জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল! কী কারণে? তিনি বললেনঃ তাদের কুফরীর কারণে। জিজ্ঞেস করা হল, তারা কি আল্লাহর সাথে কুফরী করে? তিনি জবাব দিলেন, তারা স্বামীর অবাধ্য থাকে এবং ইম্পান অস্বীকার করে। তুমি যদি তাদের কারো প্রতি সারা জীবন সদাচরণ কর, অতঃপর সে তোমার হতে (যদি) সামান্য ক্রটি পায়, তা হলে বলে ফেলে, তোমার হতে কখনো ভাল ব্যবহার পেলাম না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৬; সূর্য গ্রহণ, অধ্যায় ৯, হাঃ ১০৫২; মুসলিম, পর্ব ১০; সূর্য গ্রহণের সালাত, অধ্যায় ৩, হাঃ ৯০৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42751

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন